

## উচ্চমাধ্যমিক প্রাইভেট কোর্সে ভর্তি বিজ্ঞপ্তি

তারিখ : ২৯/০৯/২০১৯ খ্রি.

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষাবোর্ড, কুমিল্লা-এর অধীনে ২০২০ এর এইচএসসি পরীক্ষায় অংশগ্রহণ করতে ইচ্ছুক প্রাইভেট পরীক্ষার্থীদের জ্ঞাতব্য নিয়মাবলী :-

- ১) এসএসসি বা সমমানের পরীক্ষা পাসের তিন বছর অর্থাৎ ২০১৫ অথবা তার পূর্বে এসএসসি বা সমমান পরীক্ষায় উত্তীর্ণ যে কোন প্রার্থী উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট পরীক্ষায় প্রাইভেট পরীক্ষার্থী হিসেবে অংশগ্রহণ করতে পারবে।
- ২) প্রাইভেট পরীক্ষার্থীগণ নতুন পাঠ্যসূচি অনুযায়ী (২০২০ সালের) পরীক্ষায় অংশগ্রহণ করবে। বোর্ড কর্তৃক প্রণীত পরীক্ষা পরিচালনার নিয়মাবলী প্রাইভেট পরীক্ষার্থীদের বেলায় প্রযোজ্য হবে।
- ৩) শিক্ষক, পুলিশ ও প্রতিরক্ষা বাহিনীতে চাকুরির ব্যক্তি এবং অক্ষ ব্যক্তি ব্যতিত অন্যান্য সকল পর্যায়ে প্রাইভেট পরীক্ষার্থীগণকে বোর্ডের নির্ধারিত কোন কলেজের মাধ্যমে নির্বাচনী পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে।
- ৪) প্রাইভেট পরীক্ষার্থীগণ শুধু মানবিক এবং ব্যবসায় শিক্ষা শাখায় পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে। তবে যে সকল বিষয়ে ব্যবহারিক পরীক্ষা আছে সে সকল বিষয়ের পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে না। প্রাইভেট পরীক্ষার্থীগণ চতুর্থ বিষয়ে পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে না।
- ৫) বোর্ডের কর্মচারীগণ কর্মরত অবস্থায় নিজ বোর্ড হতে পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে না। তবে পরীক্ষা দিতে ইচ্ছুক বোর্ড কর্মচারীগণ নিয়োগকারী কর্তৃপক্ষের অনুমতি নিয়ে বাংলাদেশের অন্য যে কোন বোর্ড হতে পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে।
- ৬) সকল পর্যায়ে প্রাইভেট পরীক্ষার্থীগণকে বোর্ডের নির্ধারিত কলেজ সমূহের অধ্যক্ষের নিকট আগামী ৩০/০৯/২০১৯ হতে ০৭/১০/২০১৯ তারিখের মধ্যে প্রয়োজনীয় ফি ও অন্যান্য দলিলাদিসহ সাদা কাগজে আবেদন করতে হবে।
- ৭) **দলিলাদির বিবরণ :**
- ক) মাধ্যমিক বা সমমানের পরীক্ষা পাসের সত্যায়িত নম্বরফর্দ ২ কপি ও মূল নম্বরপত্র দাখিল করতে হবে। যে সকল পরীক্ষার্থী ১৯৯৫ সালের আগে এসএসসি পরীক্ষায় উত্তীর্ণ হয়েছে তাদের মূল নম্বরপত্র সংশ্লিষ্ট শিক্ষাবোর্ডের পরীক্ষাকর্তৃক সত্যায়িত হতে হবে এবং মূল নম্বর পত্রের অপর পৃষ্ঠায় পরীক্ষা নিয়ন্ত্রক কর্তৃক Verified and found correct লেখা থাকতে হবে।
- খ) এছাড়া যে সকল পরীক্ষার্থী কারিগরি শিক্ষা বোর্ড এবং উন্মুক্ত বিশ্ববিদ্যালয় থেকে এসএসসি বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ হয়েছে তাদের মূল নম্বরপত্র সংশ্লিষ্ট শিক্ষা বোর্ডের পরীক্ষা নিয়ন্ত্রক কর্তৃক সত্যায়িত হতে হবে এবং মূল নম্বর পত্রের অপর পৃষ্ঠায় পরীক্ষা নিয়ন্ত্রক কর্তৃক Verified and found correct লেখা থাকতে হবে।
- গ) যে সকল পরীক্ষার্থী ১৯৯৯ সালের আগে মাদ্রাসার শিক্ষা বোর্ড থেকে এসএসসি সমমানের পরীক্ষায় উত্তীর্ণ হয়েছে তাদের ক্ষেত্রে একই নিয়ম প্রযোজ্য হবে।
- ঘ) যে সকল পরীক্ষার্থী ২০১৯ সালের উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট (এইচএসসি) পরীক্ষায় অংশগ্রহণ করেছে তাদেরকে মূল প্রবেশপত্র আবেদন ফরম পূরণের সময় জমা দিতে হবে।
- ঙ) বাংলাদেশের আওতাধীন অনুমোদিত কোন কলেজের অধ্যক্ষ/এ বোর্ডের কোন সদস্য অথবা কোন সরকারী গেজেটেড অফিসারের নিকট হতে প্রার্থীর চরিত্র, আচরণ, প্রার্থিত পরীক্ষার অন্তর্গত ০২ বছর আগ পর্যন্ত কোন অনুমোদিত কলেজে শিক্ষার্থী ছিল না এবং প্রার্থী কোন পরীক্ষায় বহিষ্কৃত হয়নি এ মর্মে প্রত্যয়ন পত্র দাখিল করতে হবে। ভুল তথ্য প্রদান করলে আইনানুগ ব্যবস্থা নেয়া হবে।
- চ) প্রার্থীর সম্প্রতিক তোলা ০৪ কপি পাসপোর্ট সাইজের ফটোর সম্মুখভাবে প্রার্থীর নিজের নাম স্বাক্ষর কতে হবে এবং তা সংশ্লিষ্ট কলেজের অধ্যক্ষের দ্বারা সত্যায়িত করে আইকা/আঠা দিয়ে রেজিস্ট্রেশন কার্ডে লাগাতে হবে।
- ছ) শিক্ষক প্রার্থীদের বেলায় কোন অনুমোদিত বিদ্যালয়ে চাকুরির মেয়াদ বিজ্ঞপ্তি জারির তারিখে অন্তত ০৩ বছর পূর্ণ হয়েছে এ মর্মে নিজ জেলা শিক্ষা অফিসারের সীল ও স্বাক্ষরযুক্ত সার্টিফিকেট জমা দিতে হবে।
- জ) পুলিশ ও প্রতিরক্ষা বাহিনীর বেলায় বিজ্ঞপ্তি জারির তারিখে কমপক্ষে ০১ বছর যাবৎ সক্রিয় ভাবে চাকুরিতে আছে এ মর্মে পুলিশ সুপার/কামর্ভিৎ অফিসার এর সমপর্যায়ের কর্মকর্তার নিকট হতে সীলমোহরকৃত সার্টিফিকেট জমা দিতে হবে।
- ঝ) কোন অবস্থাতে নম্বরপত্র / ট্রান্সক্রিপ্টের পরিবর্তে এসএসসি পরীক্ষার সনদপত্র দিয়ে প্রাইভেট পরীক্ষার্থী হিসেবে রেজিস্ট্রেশন করা যাবে না।
- ট) যে সকল প্রাইভেট পরীক্ষার্থীর নির্বাচনী পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে। তাদেরকে আবশ্যিক বিষয় বাংলা এবং ইংরেজীসহ অন্য যে কোন তিনটি নৈর্বাচনিক বিষয়ে পরীক্ষা দিতে হবে। এক্ষেত্রে প্রত্যেক বিষয়ে ১০০ নম্বর এবং সময়কাল ০৩ ঘন্টা।
- ৯) প্রাইভেট পরীক্ষার্থীগণের গৃহীত বিষয়সমূহ পাঠ্যসূচিতে উল্লিখিত গুচ্ছ মোতাবেক হতে হবে। গুচ্ছ বহির্ভূত বিষয়ে পরীক্ষায় অংশগ্রহণ করলে পরীক্ষা বাতিল বলে বিবেচিত হবে।
- ১০) প্রাইভেট পরীক্ষার্থীগণকে পরীক্ষার আগে বোর্ড নির্ধারিত তারিখের মধ্যে নির্ধারিত কলেজসমূহের যে কোন একটিতে রেজিস্ট্রেশন করতে হবে। উক্ত রেজিস্ট্রেশন শুধু একটি পরীক্ষার জন্য কার্যকর হবে। তবে এ পরীক্ষা যদি কেউ শুধু একটি বিষয়ে অকৃতকার্য হয় তাহলে ঐ এক বিষয়ে পরীক্ষা দেয়ার জন্য তার রেজিস্ট্রেশনের মেয়াদ পরবর্তী এক বছরের জন্য নবায়ন করা যাবে।
- ১১) প্রত্যেক প্রাইভেট পরীক্ষার্থীকে রেজিস্ট্রেশন ফি ২০০/-, আর.আই.এফ-৫০/- ও নির্বাচনী পরীক্ষার ফি-২৫০/- সর্বমোট ৫০০/- (পাঁচশত) টাকা কলেজ ক্যাশ শাখা হতে ব্যাংক রশিদ সংগ্রহ করত: সোনালী ব্যাংক, ফেনী শাখায় জমা প্রদান করতে হবে এবং জমার রশিদের ফটোকপি আবেদন পত্রের সাথে জমা দিতে হবে।
- ১২) প্রাইভেট পরীক্ষার্থীগণ যে কলেজের মাধ্যমে নির্বাচিত হবে সে কলেজের নির্ধারিত কেন্দ্রে তারা এইচএসসি পরীক্ষায় অংশগ্রহণ করবে। কোন অবস্থায় কেন্দ্র পরিবর্তন করা যাবে না।

স্বাক্ষর  
সংসদ

অধ্যক্ষ ৩০.৯.১৯  
ফেনী সরকারি কলেজ, ফেনী।  
অধ্যক্ষ  
ফেনী সরকারি কলেজ, ফেনী।